গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর
www.raipur.lakshmipur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১৫৮.০০১.০৬.০০১.২৩- ৭০৪

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪৩০
২৮ ডিসেম্বর ২০২৩

রায়পুর উপজেলার ডিসেম্বর/২০২৩ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মামুনুর রশিদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
রায়পুর, লক্ষ্মীপুর।
সভার তারিখ : ১৪ পৌষ ২০২৩ খ্রি.
সময় : বিকাল ১১:৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রায়পুর

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরকে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উক্ত সভার সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গত সভার কার্যবিবরণী	৩২-০ ভোটে গত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	
০২	সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।	নতুন করে সরকারি কোন বিধি আলোচনা বা পর্যালোচনা হয়নি।	
০৩	মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা।	অদ্যকার সভায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কোন সুপারিশ নেই।	
০৪	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ : (ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২০২৩ খ্রি. মাসে বহিঃবিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৫,৩৪০ জন, জরুরী বিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৭৬ জন, ভর্তি রোগীর সংখ্যা ৭৬১ জন, মোবাইল সেবা ১৪২ জন, নরমাল ডেলিভারি ৩২ জন, সিজার ৩৬ টি	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স- এ স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুর।

CamScanner

০৫	উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো ধান হাইব্রিড (উপশী) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩,৫০০ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ সম্পন্ন হয়েছে এবং আবাদ কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে রবি প্রনোদণা কর্মসূচির আওতায় গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনা বাদাম, সয়াবিন, মুগ, মসুর, খেসারী, ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩৮৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ সম্পন্ন হয়েছে এবং আবাদ কার্যক্রম চলমান রয়েছে। রাসায়নিক সারের বর্তমান মজুদ পরিস্থিতি ইউরিয়া ৯৫ মে.টন, টিএসপি ২৬ মে.টন, এমওপি ১০৫ মে.টন, ডিএপি ৪৬ মে.টন সারের মজুদ সন্তোষনক রয়েছে।	বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, রায়পুর।
০৬	উপজেলা প্রকৌশল বিভাগ : (ক) তিনি সভায় আরো জানান, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণকরণের দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। (খ) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল বরাদ্দের আওতায় দ্রুত ভিত্তিতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। (গ) ০৯নং দক্ষিণ চরআবাবিল ইউনিয়নের মিতালী বাজার হাওলাদার হাট ক্যাম্পেরহাট হায়দারগঞ্জে রোড সড়কে চেইনেজ ৬০৭৫ হইতে চেইনেজ ৭০৭৫ পর্যন্ত সড়কে উন্নয়নমূলক কাজ করা হবে তাই উক্ত সড়কের রাস্তার দুই পাশে গাছ গুলো কর্তনের জন্য সভায় উপস্থাপন করেন। (ঘ) উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণকরণ এর নির্ধারিত স্থানে ও উপজেলা পরিষদ এর পশ্চিম পাশে বাউন্ডারি ওয়াল এর সাথে বেশ কয়েকটি গাছ রয়েছে গাছগুলো জরুরি ভিত্তিতে কর্তন করার জন্য সভায় উপস্থাপন করেন। (ঙ) তিনি আরো জানান, তার অফিস কক্ষটি মেরামতকরণ জরুরি ভিত্তিতে প্রয়োজন। উক্ত কক্ষটি মেরামতকরণ এর জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রয়োজন। (চ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও অফিস সহকারীগণের রুমের ছাদের উপর পেটেন্ট স্টোন করা জরুরি ভিত্তিতে করা প্রয়োজন। উক্ত মেরামতকরণ এর জন্য ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন। (ছ) উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য নতুন একটি আইপিএস সেট ক্রয় করা জরুরি ভিত্তিতে প্রয়োজন। আইপিএস সেটটি ক্রয় করতে ১,০০,০০০- (এক লক্ষ) টাকা প্রয়োজন।	(ক) বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী রায়পুর কে অনুরোধ করা হয়। (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে দ্রুত ভিত্তিতে বিধি মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল বরাদ্দের আওতায় প্রকল্প গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে ০৯নং দক্ষিণ চরআবাবিল ইউনিয়নের মিতালী বাজার হাওলাদার হাট ক্যাম্পেরহাট হায়দারগঞ্জে রোড সড়কে চেইনেজ ৬০৭৫ হইতে চেইনেজ ৭০৭৫ পর্যন্ত সড়কে উন্নয়নমূলক কাজ করা করার নিমিত্তে উক্ত সড়কের রাস্তার দুই পাশে গাছ গুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণকরণ এর নির্ধারিত স্থানে ও উপজেলা পরিষদ এর পশ্চিম পাশে বাউন্ডারি ওয়াল এর সাথের গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। (ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষটি মেরামতকরণ এর বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ নং অনুচ্ছেদ এর (ক) এর উপখাত হতে কোটেশন (RFQ) পদ্ধতিতে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষটি মেরামতকরণ এর বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ নং অনুচ্ছেদ এর (ক) এর উপখাত হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য নতুন একটি আইপিএস সেট ক্রয় এর বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ নং অনুচ্ছেদ এর (চ) এর উপখাত হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল

CamScanner

০৭	(জ) তিনি আরো জানান, উপজেলা সমবায় অফিসারের অফিস কক্ষ মেরামতকরণ ও উপজেলা ভিআরডিবি অফিসের মিলনায়তনে টাইলসকরণ প্রয়োজন। (ঝ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন পরিদর্শণ করে দেখা যায় যে ভবনটি খুব ঝুর্কিপূর্ন অবস্থা রয়েছে। যে কোন সময় ভবনটি হেলে পড়ে দুঘটনা ঘঠতে পারে তাই ভবনটি পরিত্যাক্ত ঘোষনা করার জরুরি ভিত্তিতে প্রয়োজন। উক্ত ভবনের অপসারণ ভাঙ্গার মালামাল এর সম্ভাব্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে প্রাক্কলন মূল্যে : ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সভায় উপস্থাপন করেণ। (ঞ) উপজেলা আবাসিক কোয়ার্টার (গন্ধরাজ) পরিদর্শণ করে দেখা যায় যে ভবনটি খুব ঝুর্কিপূর্ন অবস্থা রয়েছে। যে কোন সময় ভবনটি হেলে পড়ে দুঘটনা ঘঠতে পারে তাই ভবনটি পরিত্যাক্ত ঘোষনা করার জরুরি ভিত্তিতে প্রয়োজন। উক্ত ভবনের অপসারন ভাঙ্গার মালামাল এর সম্ভাব্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে প্রাক্কলন মূল্যে : ৪,২০,০০০/- (চার লক্ষ বিশ হাজার) টাকা সভায় উপস্থাপন করেণ। (ট) উপজেলা আবাসিক টু ইন কোয়ার্টার (জিনিয়া-০১) পরিদর্শণ করে দেখা যায় যে ভবনটি খুব ঝুর্কিপূর্ন অবস্থা রয়েছে। যে কোন সময় ভবনটি হেলে পড়ে দুঘটনা ঘঠতে পারে তাই ভবনটি পরিত্যক্ত ঘোষনা করার জরুরি ভিত্তিতে প্রয়োজন। উক্ত ভবনের অপসারন ভাঙ্গার মালামাল এর সম্ভাব্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে প্রাক্কলন মূল্যে : ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সভায় উপস্থাপন করেণ।	(জ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমবায় অফিসারের অফিস কক্ষ মেরামতকরণ ও উপজেলা ভিআরডিবি অফিসের মিলনায়তনে টাইলসকরণ কাজগুলো বরাদ্দ স্বল্পতার কারণে ২০২৩-২০২৪ অর্থ বছরে সম্ভব নয় বিধায় পরবর্তীতে বরাদ্দ সংকুলান এর পর কাজগুলো বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঝ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী রায়পুর এর প্রস্তুতকৃত সম্ভ্যাব্য প্রাক্কলন : ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন নিলাম/ডাকের মাধ্যমে বিক্রির পরবর্তী সিদ্ধান্তের জন্য ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. মাসের জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়। (ঞ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা আবাসিক কোয়ার্টার (গন্ধরাজ) উপজেলা প্রকৌশলী রায়পুর এর প্রস্তুতকৃত প্রাক্কলন : ৪,২০,০০০/- (চার লক্ষ বিশ হাজার) অনুযায়ী নিলাম/ডাকের মাধ্যমে বিক্রির পরবর্তী সিদ্ধান্তের জন্য ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. মাসের জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়। (ট) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা আবাসিক কোয়ার্টার (জিনিয়া-০১) উপজেলা প্রকৌশলী রায়পুর এর প্রস্তুতকৃত প্রাক্কলন : ৩,,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) অনুযায়ী নিলাম/ডাকের মাধ্যমে বিক্রির পরবর্তী সিদ্ধান্তের জন্য ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. মাসের জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল

CS CamScanner

০৮	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : (ক) উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২০২৩ খ্রি. মাসের মাসের বিভাগীয় কার্যক্রম যথাক্রমে হাসপাতালে গবাদি পশুর টিকা প্রদান, ১২০০ টি, হাঁস-মুরগি টিকা প্রদান ৫১,৮০০ টি গবাদি পশুর চিকিৎসা প্রদান ১,৫১১ টি, হাঁস-মুরগি চিকিৎসা প্রদান ৯,১০০ টি, খামারি প্রশিক্ষণ প্রদান ৬০০ জন, কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ২৮০ টি, সরকারি রাজস্ব আদায় হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম যথারীতি চলমান আছে রয়েছে কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালে গবাদি পশু চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন সহ বিভিন্ন প্রশিক্ষণ যথাসময়ে করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
০৯	উপজেলা মৎস্য বিভাগ : (ক) উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে ১০০ সুফলভোগী জেলে পরিবারের মাঝে ১০০ (একশত) টি (বকনা) বাছুর বিতরণ করা হবে। ইতোমধ্যে সুফলভোগীদের তালিকা তৈরি সম্পন্ন হয়েছে। (খ) রাজস্ব খাতের আওতায় ৬০ (ষাঁট) জন মৎস্যচাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (গ) মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহুন্দী ও অন্যান্য ক্ষতিকর অবৈধ জাল অপসারণে বিশেষ কম্বিং অপারেশন -২০২৪ পরিচালিত হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে কোন সমস্যা নেই।	সভায় বিস্তারিত আলোচনায়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে ১০০ সুফলভোগী জেলে পরিবারের মাঝে ১০০ (একশত) টি (বকনা) বাছুর বিতরণ বিধি মোতাবেত সঠিকভাবে বিতরণ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা রায়পুরকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল
১০	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, মাধ্যমিক পর্যায়ে স্কুল ও মাদ্রাসা এবং এবতেদায়ী মাদ্রাসা ২০২৪ শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিরতরণ কার্যক্রম চলমান রয়েছে। (খ) উপজেলা মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসা সকল শ্রেনী শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা সম্পন্ন হয়েছে। (গ) আগামী ০১লা জানুয়ারি ২০২৪ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যের পাঠ্য প্রস্তুক বিতরণ উৎসবের প্রস্তুতি চলছে। এছাড়া সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে কোন সমস্যা নেই।	২০২৪ শিক্ষা বর্ষের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ ও ০১লা জানুয়ারি শিক্ষার্থীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ উৎসবমুখর পরিবেশে বিতরণের জন্য সঠিকভাবে তদারকি করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,রায়পুর
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, (ক) তৃতীয় প্রান্তিকে সকল প্রাথমিক বিদ্যালয়ে ০১ম শ্রেণি ১০০% ধারাবাহিক মূল্যায়ন এবং ০২য় শ্রেণি থেকে ০৫ম শ্রেণি পর্যন্ত ১০০% সামষ্টিক মূল্যায়ন করা হয়। (খ) প্রাথমিক পর্যায়ের সকল স্কুলে ২০২৪ শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যপ্রস্তুক সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিরতরণ কার্যক্রম চলমান রয়েছে। (গ) আগামী ০১লা জানুয়ারি ২০২৪ প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যের পাঠ্য প্রস্তুক বিতরণ উৎসবের প্রস্তুতি চলছে। এছাড়া সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে কোন সমস্যা নেই।	২০২৪ শিক্ষা বর্ষের সকল প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ ও ০১লা জানুয়ারি শিক্ষার্থীদের মাঝে পাঠ্যপ্রস্তুক বিতরণ উৎসবমুখর পরিবেশে বিতরণের জন্য সঠিকভাবে তদারকি করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার জন্য প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, রায়পুর

CamScanner

১২	উপজেলা খাদ্য বিভাগ :- উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, টিসিবি পণ্য বিতরণ সেবা কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। আমন ধান সংগ্রহ করণ কৃষকদের মাঝে লটারি কার্যক্রম সম্পন্ন হয়েছে। কৃষকরা যেন গুদামে ধান বিক্রি করে সে বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। ভিজিডি বিতরণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	টিসিবি পণ্য বিতরণ সঠিকভাবে করার জন্য অনুরোধ করা হয়। ভিজিডি এর কার্যক্রম সঠিকভাবে মনিটরিং এবং চাল যেন খাবার অযোগ্য না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রায়পুর
১৩	উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ অন্যান্য ভাতা মোট ২৫,৪৪২ জনের ০২য় কৃস্তির ভাতা প্রেরণ করা হয়েছে। ভিক্ষা ভিত্তি নিরসন ও বিকল্প কর্মস্থান সৃষ্টির আওতায় ০২জন ভিক্ষুককে দোকানঘর করে দিয়ে পুর্নবাসন করে দেওয়া হয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় ৪,০০,০০০/- লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	বিভিন্ন ভাতা ও ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রায়পুর
১৪	উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, জুলাই/২০২৩ খ্রি. হইতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত বিভিন্ন প্রশিক্ষণ এর আওতায় ৭৫জন পুরুষ ও মহিলা ১৯৫জন মোট ২৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া যুবঋণ এর আওতায় ৩২জন পুরুষ এর মাঝে ৯,১২,০০০/- টাকা ঋণ ও ৩২জন মহিলাদের মাঝে ১০,২৮,০০০/- টাকা সর্বমোট ১৯,৪০,০০০/- টাকার ঋণ বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া ঋণ আদায় কার্যক্রম চলামান রয়েছে এবং অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারীতি চলেছে কোন সমস্যা নেই।	যুবঋণ সঠিকভাবে সঠিক নিয়মে বিতরণ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রায়পুর
১৫	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় ০৮ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ০২ টি ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিক এবং ০১ টি সদর ক্লিনিক রয়েছে। প্রতিটি সেবা কেন্দ্রে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমসহ পরিকল্পনা কার্যক্রম অব্যাহত রয়েছে। নেভেম্বর/২০২৩ মাসে স্বাস্থ্যসেবার অগ্রগতি, মোট সক্ষম দম্পত্তি ৬০৮৫৯ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণকারী মহিলা ০৪ জন, ইনপ্লানন ৭৪ জন, আই ইউ ডি ৪৮ জন, তাছাড়া গর্ভকালীন সেবা সেবা ১২০৫, নরমাল ডেলিভারি ১৭৫ জন, প্রসব পরবর্তী সেবা ৫৯৪, স জনকে সেবা প্রদান করা হয়। এছাড়া আশ্রায়ন প্রকল্পে উদ্বুদ্ধকরণ সভা ও সেবা কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরে সেবার মান আরো উন্নয়ন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রায়পুর
১৬	উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান রয়েছে, অডিট পরিদর্শন মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	ভ্রাম্যমান প্রশিক্ষনসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, রায়পুর
১৭	উপজেলা পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, অর্থনৈতিক শুমারি ২০২৩ এর সুপারভাইজার, তথ্য সংগ্রহকারী/তালিকাকারী নিয়োগ কার্যক্রম চলমান এবং অর্থনৈতিক জোনাল অপারেশন কার্যক্রম প্রভৃতি চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	সভায় বিস্তারিত আলোচনান্তে অর্থনৈতিক শুমারি ২০২৩ এর সুপারভাইজার, তথ্য সংগ্রহকারী/তালিকাকারী নিয়োগ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রায়পুর

CS CamScanner

১৮	উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি প্রকল্পের আওতায় চাল বিতরণ যথা নিয়মে করা হচ্ছে। (খ) সামজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি ও মা ও শিশু সহায়তা কর্মসূচি চলমান রয়েছে প্রতি মাসে প্রতিটি ইউনিয়নে ০৬ জন করে ও পৌরসভাতে ১৩ জন করে নতুন ভাতা প্রদান করা হচ্ছে। (গ) সেলাই মেশিন প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	ভিডব্লিউবি প্রকল্পের চাল যথানিয়মে করা হয় যেন কোন অনিয়ম না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল
১৯	উপজেলা রেঞ্জ (বন) বিভাগ : উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, বিভিন্ন ধরণের গাছ বিতরণ /রোপণ এর নিমিত্তে চারা উত্তোলন এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিতরণ/রোপণ এর নিমিত্তে চারা উত্তোলন এর কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই	চারা গাছসমূহ বিতরণ/রোপণ কার্যক্রম সঠিক ভাবে পালনসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা রেঞ্জ কর্মকর্তা, রায়পুর।
২০	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) রায়পুর জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের "সমগ্রদেশের নিরাপদ পানি সরবারহ প্রকল্পের (০১ পর্যায়) " এর আওতায় ২৬০/- (দুইশত ষাট) টি গভীর নলকূপ এর বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের অনুকূলে ৫০% এর বরাদ্দ মাননীয় সংসদ সদস্য তালিকা প্রদান করবেন বাকি ৫০% এর তালিকা উপজেলা ওয়াটসন কমিটির অনুমোদন এর মাধ্যমে তালিকা গ্রহণ করা হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের " সমগ্রদেশের নিরাপদ পানি সরবারহ প্রকল্পের" এর আওতায় ১৫০/- (একশত পঞ্চাশ) টি বরাদ্দের অনুকূলে উপজেলা ওয়াটসন কমিটির সভা দ্রুত ভিত্তিতে করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, রায়পুর
২১	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর : তথ্য যোগাযোগ ও প্রযুক্তি কর্মকর্তা সভায় জানান, (ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় ' হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের মাধ্যমে ০৫ মাসব্যাপী প্রশিক্ষণ ও ০১ (এক) মাসব্যাপী মেন্টরশীপ প্রদান করা হচ্ছে। রায়পুর উপজেলায় ১ম পর্যায়ে Women Freelancer (গ্রাফিক্স ডিজাইন এ ০২টি ব্যাচ, ডিজিটাল মার্কেটিং এ ০১টি ব্যাচ) এর ০৩টি কোর্সের ০৪টি ব্যাচে প্রশিক্ষণ শুরু হয়েছে। সকল প্রশিক্ষণার্থীদের প্রকল্প থেকে ল্যাপটপ প্রদান করা হবে বিধায় তারই প্রেক্ষিতে ৩০০ টাকার স্ট্যাম্পে ভেন্ডর প্রতিনিধি তথ্য গ্রহণ করেছে। (খ) তিনি আরো জানান, অত্র উপজেলায় ৩৪টি দপ্তরের মধ্যে ১৪টি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ আছে। বাকি ২০টি দপ্তরের মধ্যে ০৮টি দপ্তরের ওয়েব পোর্টাল শতকরা ৮০-৯৫ ভাগ, ১০টি দপ্তরের ওয়েব পোর্টাল শতকরা ৭০-৭৯ ভাগ ও ০২টি দপ্তরের ওয়েব পোর্টাল শতকরা ৭০ ভাগ হালনাগাদ আছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ তথ্য শতভাগ নেই দ্রুত ভিত্তিতে শতভাগ ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রধানকে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর/ সংশ্লিষ্ট সকল

CS CamScanner

২২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর, কাবিখা, কাবিটা ০১ম পর্যায় বরাদ্দের অনুকূলে কাজ চলমান কাজের অগ্রগতি ৯০% এবং ০২য় বরাদ্দের অনুকূলে প্রকল্প গ্রহণ করে প্রকল্প অনুমোদন এর জন্য মাননীয় জেলা প্রশাসক মহোদয় এর বরাবর প্রেরণ করা হয়েছে। প্রকল্প অনুমোদন এর ভিত্তিতে বরাদ্দের ০১ম কৃস্তি ছাড় করা হবে। (খ) ০৫টি ব্রিজ/কালভার্ট এর কাজ চলমান রয়েছে কাজের অগ্রগতি ৩০% (গ) ০২টি হেরিং বোন বোন্ড (এইচবিবি) কাজ চলমান রয়েছে কাজের অগ্রগতি ৪০% এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে কোন সমস্যা নেই।	সভায় বিস্তারিত আলোচনান্তে ০১ম পর্যায় বরাদ্দের কাজ দ্রুত ভিত্তিতে কাজ শেষ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং ০২য় পর্যায় বরাদ্দের অনুমোদন এর পর ০১ম কৃস্তি দ্রুত ভিত্তিতে ছাড় করার জন্য ও বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানগণ
২৩	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ : (ক) উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাচন অফিসের নিরাপত্তার স্বার্থে ০৭ (সাত) জন অতিরিক্ত আনসার সদস্য নির্বাচন সমাপ্ত হওয়া ডিউটি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া জেলাতে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে কোন সমস্যা নেই।	(ক) বিভাগীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, রায়পুর।
২৪	উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ : ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান, উপজেলা বিদ্যুৎ অফিস থেকে উপজেলা পরিষদ পর্যন্ত বেশ কয়েকটি বড় ধরনের গাছ রয়েছে। গাছ গুলো দ্রুত ভিত্তিতে অপসারণের জন্য অনুরোধ করেন। এছাড়া যে সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে দ্রুত বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিদ্যুৎ অফিস থেকে উপজেলা পরিষদ পর্যন্ত যে কয়েকটি বড় ধরনের গাছ রয়েছে। গাছগুলো বিধি মোতাবেক অপসারণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া যে সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে দ্রুত বিল পরিশোধের করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ, রায়পুর/ সংশ্লিষ্ট সকল
২৫	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিআরডিবি'র আওতায় রায়পুর উপজেলায় আবর্তক কৃষি ঋণ, সমবিক, পল্লী প্রগতি প্রকল্প, অবহেলা মুক্তিযোদ্ধা প্রকল্প, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের মাধ্যমে চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৮৮.১০ লক্ষ টাকা ঋণ বিতরণ এবং ২২৫.২৪ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। এছাড়া ১০০ জন সুফলভোগীকে বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	আলোচনান্তে ঋণ বিতরণ ও ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রায়পুর
২৬	উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক : ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নেই।	ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক রায়পুরকে অনুরোধ করা হয়।	ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক , রায়পুর।
২৭	উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ : উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, রায়পুর।
২৮	ইসলামিক ফাউন্ডেশন বিভাগ : ইসলামিক ফাউন্ডেশন কর্মকর্তা রায়পুর সভায় জানান, প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই।	কোরআন শিক্ষা কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	ইসলামিক ফাউন্ডেশন,রায়পুর
২৯	ইউজিডিপি বিভাগ : উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প আওতায় ০৫ টি উপ- প্রকল্পগুলোর কাজ চলমান রয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্পের কাজ গুলো দ্রুত ভিত্তিতে সম্পন্ন করার জন্য পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা , রায়পুর কে অনুরোধ করা হয়।	উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল

CamScanner

৩০	বিবিধ : (ক) উপজেলা পরিষদের অভ্যান্তরে পরিস্কার পরিচ্ছন্নতা করণ ও বর্জ্য অপসারণ বাবদ ৬২,৮০০/- (বাষুট্টি হাজার আটশত) টাকা ব্যয় হয়। (খ) উপজেলা পরিষদ মিলনায়তন এর জন্য ১০টি চেয়ার ক্রয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন।	(ক) সভায় বিস্তারিত আলোচনায়ে উপজেলা পরিষদের অভ্যান্তরে পরিস্কার পরিচ্ছন্নতা করণ ও বর্জ্য অপসারণ_ এর বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ নং অনুচ্ছেদ এর (ড) এর উপখাত হতে মাষ্টাররুল/ভাউচারের মাধ্যমে ব্যয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) সভায় বিস্তারিত আলোচনায়ে উপজেলা পরিষদ মিলনায়তন এর জন্য ১০টি চেয়ার ক্রয় এর বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ নং অনুচ্ছেদ এর (ছ) এর উপখাত হতে মাষ্টাররুল/ভাউচারের মাধ্যমে ব্যয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	

৩১। প্রত্যেক মাসে সভায় বিভাগীয় কার্যপত্র সাথে নিয়ে আসার জন্য এবং সংশ্লিষ্ট সহকারীর নিকট পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার পক্ষ হতে সকলকে অনুরোধ করা হয়।

৩২। প্রত্যেক মাসে সভা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে কার্যবিবরণী সম্পন্ন করে সংশ্লিষ্ট সকলের নিকট কার্যবিবরণী প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩৩। উপজেলা নির্বাহী অফিসার সম্মানিত সদস্যগণকে ধৈর্যসহকারে এ সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে অবহিত করা, আলোচনা করা, পরামর্শ প্রদান এবং সিদ্ধান্ত গ্রহন করার জন্য ধন্যবাদ জানান।

৩৪। সভাপতি সভায় উপস্থিত সকলকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সকলের আন্তরিক প্রচেষ্টা ও সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

৩৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২৩
(মামুনুর রশিদ)
উপজেলা পরিষদ চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মাসিক উন্নয়ন সভা
রায়পুর, লক্ষ্মীপুর।

স্মারক নং : ০৫.৪২.৫১৫৮.০০১.০৬.০০১.২৩- ৭০৪

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪৩০
২৮ ডিসেম্বর ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো

১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-০২, রায়পুর, লক্ষ্মীপুর সদর
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-০২ শাখা, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা
৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর
৬। উপজেলা .... (সকল) কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর
৭। চেয়ারম্যান .... (সকল) ইউপি, রায়পুর, লক্ষ্মীপুর
৮। জনাব ....

২৮/১২/২৩
(নাজমা বিনতে আমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ মাসিক উন্নয়ন সভা
রায়পুর, লক্ষ্মীপুর
মোবাইল : ০১৭৮৮৫৭৭৭১১
ই-মেইল :unoraipur@gmail.com

CS CamScanner